# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা যেদিকে ইঙ্গিত করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى صِحَّةِ مَا أومأنا إليه

---

আরবী

3475 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَمِرٍ حَدَّثَنِي الزُّهْرِيُّ أَخْبَرَنِي سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: (إِنْ سُبَّ أَحَدُكُم وَهُوَ صَائِمٌ فَلْيَقُل: إِنِّي صَائِمٌ) يَنْهَى بِذَلِكَ عن مراجعة الصائم

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3475 | خلاصة حكم المحدث: حسن

বাংলা

৩৪৭৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কাউকে সিয়ামরত অবস্থায় গালি দেওয়া হবে, তবে সে যেন বলে, ‘নিশ্চয়ই আমি সিয়াম রেখেছি।”

রাবী বলেন, “এর মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিয়াম পালনকারীকে মন্দ আচরণকারীর প্রতিউত্তর করতে নিষেধ করেছেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১০/৩১।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির

উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৪৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন